# পরিচালন, মেরামত ও রক্ষণাবেক্ষণ চুক্তিনামা

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন পোল্ডার নং ৪৭/৩ এর
আওতাভুক্ত পানি ব্যবস্থাপনা অবকাঠামো পরিচালন, মেরামত ও রক্ষণাবেক্ষণের নিমিত্তে
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর মধ্যে সম্পাদিত চুক্তিনামা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
স্থায়ী ঠিকানা ঃ ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এর পক্ষে
নির্বাহী প্রকৌশলী
পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী।

**প্রথম পক্ষ**

এবং

পোল্ডার নং ৪৭/৩ এর পক্ষে
ব্লু গোল্ড প্রোগ্রাম এর আওতায় গঠিত ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (নিবন্ধন নং বাপাউবো-ঢাকা/এ্যাসো./৫২/২০১৯ তারিখ: ৩০/০৬/২০১৯ খ্রি.; ঠিকানা: গ্রাম: তেগাছিয়া, ডাকঘর: মিঠাগঞ্জ, উপজেলা: কলাপাড়া, জেলা: পটুয়াখালী)
এর মনোনীত ব্যবস্থাপনা কমিটির প্রতিনিধিবৃন্দ

**দ্বিতীয় পক্ষ**

যেহেতু প্রথম পক্ষ কর্তৃক নির্মিত বা নির্মিতব্য সকল পানি ব্যবস্থাপনা অবকাঠামো যথাযথ সংরক্ষণ, নিয়মিত পরিচালন ও রক্ষণাবেক্ষণে স্থানীয় সুবিধাভোগীদের অংশগ্রহণ ও সম্পৃক্ততা একান্ত প্রয়োজন বিধায় প্রকল্পের স্থানীয় সুবিধাভোগীদের সমন্বয়ে গঠিত পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন নির্ধারিত দায়িত্ব পালন করবে। এতদ উদ্দেশ্যে সরকারের নীতি অনুযায়ী উভয় পক্ষের সুনির্দিষ্ট দায়িত্ব বিষয়ে অবগত হয়ে অদ্য ---------------------------------------------------------- খ্রিঃ তারিখে নির্ধারিত শর্ত সম্বলিত চুক্তিপত্র স্বাক্ষর করলাম।

শর্তাবলী:

১। পানি ব্যবস্থাপনা অবকাঠামোর মালিকানা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের উপর ন্যস্ত থাকবে।
২। এই চুক্তিনামা স্বাক্ষরিত হওয়ার পর হতে উপরে উল্লেখিত ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন উহার আওতাধীন পানি ব্যবস্থাপনা অবকাঠামোর ব্যবস্থাপনা, পরিচালন ও ছোট-খাটো রক্ষণাবেক্ষণ এর দায়িত্ব পালন করবে।
৩। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (১ম পক্ষ) এবং ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন যৌথভাবে (২য় পক্ষ) এর দায়িত্বাবলী নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী অর্পিত হবে।

| ক্রমিক নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | কাজের বিবরণ | কাজের ধরণ | দায়িত্ব |
|---|---|---|---|---|
| (১) | বাঁধ | (ক) নিয়মিত রক্ষণাবেক্ষণ | বেড়িবাঁধের টো, বার্ম কাটা প্রতিরোধ করা, ঢালে চাষ না করা, বাড়ি-ঘর ও দোকান নির্মাণ না করা। ঘোগ মেরামত, রেইন কাট মেরামত এবং ঐ সকল জায়গায় ঘাসের চাপড়া লাগানো/মেরামত, জঙ্গল/আগাছা পরিষ্কার, বাঁধের ক্ষতি করে এমন গাছ না লাগানো ইত্যাদি। উচ্চ জোয়ারের সময় (অমাবশ্যা/পূর্ণিমার সময়) বাঁধ বা কাঠামো সংলগ্ন স্থান দিয়ে পানি চুয়ানো বা প্রবেশ করা চিহ্নিত করা। এই ধরনের ক্ষেত্রে ছোট বিনিয়োগ/ব্যয়ে WMG/WMA অংশগ্রহণ করবে, প্রাথমিক ব্যবস্থা গ্রহণ করবে। পানি চুয়ানো অব্যাহত থাকলে বা ভাঙ্গন সম্ভাবনা দেখা দিলে দ্রুত বাপাউবো-র সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করবে এবং যৌথ ব্যবস্থা গ্রহণ করবে। | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন |

| ক্রমিক নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | কাজের বিবরণ | কাজের ধরণ | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | (খ) মেয়াদী রক্ষণাবেক্ষণ | ৪/৫ বছর অন্তর ডিজাইন অনুযায়ী বাঁধ পুনঃনির্মাণ, ফাটল মেরামত করা, বিকল্প বাঁধ নির্মাণ করা। | বাপাউবো |
| | | (গ) আপদকালীন বা জরুরী রক্ষণাবেক্ষণ | বাঁধের ভাঙ্গা মেরামত ও ভাঙ্গন প্রতিরোধ করা। | বাপাউবো |
| (২) | হাইড্রলিক কাঠামো ঃ (ক) বড় কাঠামো (পানি নিষ্কাশন, ফ্ল্যাশিং স্লুইস) | (ক) পরিচালন | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর পক্ষে সংশ্লিষ্ট রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্ট পরিচালন ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি (সংক্ষেপে-ক্যাচমেন্ট কমিটি) পানির সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণে ক্যাচমেন্ট পরিচালন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা অনুযায়ী ইহার আওতাধীন পানি ব্যবস্থাপনা অবকাঠামো (পানি নিষ্কাশন, ফ্ল্যাশিং/ড্রেনেজ স্লুইস/রেগুলেটর) সমূহের গেট গুলির দৈনন্দিন পরিচালনা করা। | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন |
| | | (খ) নিয়মিত রক্ষণাবেক্ষণ | মাছ ধরা/জাল দেয়া/আড়ি-বাঁধ/পাট্টা অপসারণ করা, গ্রিজ লাগানো, গেট ও হোয়েষ্ট-এর ছোট-খাটো মেরামত, প্রয়োজনে নাট ও বল্টু বদলানো, গেটের কাছে খালের আবর্জনা পরিষ্কার রেগুলেটর/স্লুইস গেটের ফ্লোর থেকে পলি সরিয়ে ফেলা, সি.সি. ব্লক স্থানচ্যুত হলে পুনঃস্থাপন করা, রেইন কাট মেরামত, অবকাঠামোর চারপাশ পরিষ্কার, বড় অবকাঠামোর পাশে স্থাপনা না করা। কাঠামোর ভেতর দিয়ে পানি প্রবাহের সাথে কাঠের গুড়ি বা লগ পারাপার না করা ইত্যাদি। | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন |
| | | (গ) মেয়াদী রক্ষণাবেক্ষণ | প্রটেক্টটিভ এ্যাপ্রোন সহ প্রধান অবকাঠামো মেরামত/ পুন:নির্মাণ করা। তলা/পাস দিয়ে পানি চুয়ানো প্রতিরোধ করা। হোয়েস্টিং যন্ত্রপাতির বাৎসরিক ওভারহোলিং করা, গেট রং করা, গেট পুনঃস্থাপন করা, ইত্যাদি। | বাপাউবো |
| | | (ঘ) আপদকালীন রক্ষণাবেক্ষণ | যে কোন ধরনের জরুরী কাজ যেমন ঃ রেগুলেটর/স্লুইস এর ভিতর ও বাইরের দিকে ক্ষয় রোধের ব্যবস্থা করা। | বাপাউবো |
| | (খ) ক্ষুদ্র কাঠামো (পানি সেচ ইনলেট, নিষ্কাশন আউটলেট ইত্যাদি)। | (ক) পরিচালন | গেট পরিচালন | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন |
| | | (খ) নিয়মিত রক্ষণাবেক্ষণ | গ্রিজ লাগানো, গেট ও হোয়েষ্ট-এর ছোট আকারের মেরামত, প্রয়োজনে নাট ও বল্টু বদলানো, গেটের কাছে খালের আবর্জনা পরিষ্কার, ইনলেট/আউটলেট এর ফ্লোর বা পাইপ থেকে পলি সরিয়ে ফেলা, সি.সি. ব্লক স্থানচ্যুত হলে পুনঃস্থাপন করা, রেইন কাট মেরামত, অবকাঠামোর চারপাশ পরিষ্কার, ইত্যাদি। | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন |
| | | (গ) মেয়াদী রক্ষণাবেক্ষণ | যে কোন বড় ধরনের পরিবর্তন অথবা পুনঃস্থাপন, গেট রং করা ইত্যাদি। | বাপাউবো |
| (৩) | পানি নিষ্কাশন খাল (ক) বৃহৎ | (ক) নিয়মিত রক্ষণাবেক্ষণ | কচুরিপানা ও অন্যান্য জলজ আগাছা পরিষ্কার; সেই সাথে পানি প্রবাহের ব্যাঘাত ঘটায় এমন সব জিনিস সরিয়ে ফেলা। | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন |
| | | (খ) নির্দিষ্ট সময় অন্তে রক্ষণাবেক্ষণ | প্রয়োজন অনুযায়ী প্রধান খাল/শাখা খাল পুনঃখনন করা। প্রশাখা/সংযোগ খাল খনন-পুনঃখনন করা। | বাপাউবো (পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর চাহিদার ভিত্তিতে) |

| ক্রমিক নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | কাজের বিবরণ | কাজের ধরণ | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | (গ) আপদকালীন রক্ষণাবেক্ষণ | যে কোন ধরণের জরুরী কাজ। | বাপাউবো |
| | পানি নিষ্কাশন নালা (খ) ক্ষুদ্র | (ক) নিয়মিত রক্ষণাবেক্ষণ | কচুরিপানা ও অন্যান্য জলজ আগাছা পরিষ্কার; সেই সাথে পানি প্রবাহের ব্যাঘাত ঘটায় এমন সব জিনিস সরিয়ে ফেলা। | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন |
| | | (খ) নির্দিষ্ট সময় অন্তে রক্ষণাবেক্ষণ | পলি অপসারণ করা | বাপাউবো LCS গঠনের মাধ্যমে ন্যূনতম খরচে করতে পারে |
| (৪) | অভ্যন্তরীণ পানি ব্যবস্থাপনা | (ক) অভ্যন্তরীণ পানি ব্যবস্থাপনা | মাঠ নালা, নিষ্কাশন ক্ষুদ্র পাইপ জলকপাটসহ/ছাড়া, ছোট কালভার্ট, ফুটব্রিজ এবং কমপার্টমেন্টাল বাঁধ নির্মাণ করা। | পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন |

৪। উল্লেখিত বিষয়সমূহ ছাড়াও

(ক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (১ম পক্ষ) এর দায়িত্বঃ

ক-১) এই চুক্তিনামায় উল্লেখিত কাঠামোর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনকে কারিগরী সহায়তা ও প্রশিক্ষণ প্রদান করা;

ক-২) বাপাউবো সকল সুবিধাভোগীদের চাহিদা অনুযায়ী পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনকে গেট পরিচালনার পরিকল্পনা তৈরী করতে সহায়তা করবেন;

ক-৩) এই চুক্তিনামায় উল্লেখিত পানি ব্যবস্থাপনা কাঠামোর বড় ধরণের মেরামত এবং নির্দিষ্ট সময় অন্তে ও আপদকালীন রক্ষণাবেক্ষণ করা;

ক-৪) প্রকল্প চলাকালীন এবং প্রকল্প পরবর্তী সময়ে মাটির কাজে সরকার কর্তৃক নির্ধারিত (বর্তমানে ন্যূনতম শতকরা ২৫ ভাগ) কাজ এলাকার LCS এর মাধ্যমে করা;

ক-৫) খালে/নদীতে পানি প্রবাহের বাঁধা সৃষ্টি করলে বাপাউবো আইণগত ব্যবস্থা নিবে।

(খ) পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (২য় পক্ষ) এর দায়িত্বঃ

খ-১) পানি ব্যবস্থাপনা অবকাঠামোর দৈনন্দিন ব্যবস্থাপনা, পরিচালন ও নিয়মিত রক্ষণাবেক্ষণের দায়িত্ব সংশ্লিষ্ট রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্ট পরিচালন ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি (সংক্ষেপে-ক্যাচমেন্ট কমিটি) এর নিকট অর্পণ করবে এবং উক্ত কমিটির কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ ও সহযোগিতা করবে;

খ-২) বনায়ন নীতিমালা ও বৃক্ষ রোপণ ম্যানুয়াল অনুযায়ী সংগঠন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বেড়িবাঁধে বৃক্ষ রোপণ বা বিনা চাষে অন্যান্য ফসল বিধি সম্মতভাবে করতে পারবে;

খ-৩) এসোসিয়েশন এর সহযোগিতায় ক্যাচমেন্ট কমিটি এই চুক্তিনামায় উল্লেখিত রেগুলেটর/স্লুইস গেট ও অন্যান্য অবকাঠামোর ছোটখাটো মেরামত এবং নিয়মিত রক্ষণাবেক্ষণ করবে;

খ-৪) কেউ যাতে বেড়িবাঁধ না কাটে বা কোনরূপ ক্ষতি সাধন না করে তা ক্যাচমেন্ট কমিটি নিশ্চিত করবে, এবং কেউ যদি বাঁধ কেটে ফেলে বা ক্ষতি করে তাহলে পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর সহযোগিতায় তাঁর/তাদের বিরুদ্ধে আইণানুগ ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করবে;

পরিচালন ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি (সংক্ষেপে-ক্যাচমেন্ট কমিটি) অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৪ এর ৫(৬) ধারা অনুযায়ী এ ধরণের কমিটি/উপ-কমিটি গঠনের সুযোগ রয়েছে।

খ-৫) কেউ যাতে রেগুলেটর/স্লুইস গেট বা ইনলেটের মধ্য দিয়ে কাঠের গুড়ি পার করার চেষ্টা না করে তা পরিচালন ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি নিশ্চিত করবে;

খ-৬) পরিচালন ও রক্ষণাবেক্ষণ উপ-কমিটি কর্তৃক বর্ষাকালের পূর্বে, বর্ষার সময় এবং বর্ষাকাল শেষে স্বার্থ-সংশ্লিষ্টদের পানির চাহিদা অনুযায়ী রেগুলেটর/স্লুইস গেট সঠিকভাবে বন্ধ ও খোলা হচ্ছে কি-না তার প্রতি এসোসিয়েশন লক্ষ্য রাখবে;

খ-৭) এই চুক্তিনামায় উল্লেখিত পানি ব্যবস্থাপনা কাঠামোর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য তহবিল গঠনের খাত সমূহ চিহ্নিত করবে (এর মধ্যে অধিগ্রহণকৃত ভূমি, বরোপিট, বাঁধের ধার, খাল/জলাশয় ইত্যাদি উল্লেখযোগ্য) এবং বিধি

মো: [signature]



[signature]

মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ব্যবহার করতে পারবে।

৫। প্রকল্পের অধীনস্থ মৎস্য চাষ উপযোগী জলাশয়ে পানি চলাচলে কোনরূপ বাধা বিঘ্ন না ঘটিয়ে ২য় পক্ষ ১ম পক্ষের সম্মতি সাপেক্ষে বিধি অনুযায়ী মাছ ধরা/চাষ করতে পারবে।

৬। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (১ম পক্ষ) ও ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (২য় পক্ষ) যৌথভাবে নিম্নোক্ত দায়িত্ব পালন/কাজগুলো সম্পাদন করবে।

(ক) রেগুলেটর/স্লুইস গেট তত্ত্বাবধান করা। যদি কোন সংশোধনমূলক বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন হয়, তবে উভয় পক্ষের সম্মতি সাপেক্ষে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা;

(খ) পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর পক্ষ থেকে পানি ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য কারিগরী প্রশিক্ষণ বা কোন প্রকার সাহায্য সহযোগিতার প্রয়োজন হলে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

৭। এই চুক্তিনামা পরিবর্তনের প্রয়োজন হলে উভয় পক্ষের ঐক্যমতের ভিত্তিতে পরিবর্তন করা যাবে, তবে পরিবর্তনের স্বপক্ষে ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর যৌথ সভার Resolution প্রয়োজন হবে।

৮। এই চুক্তিনামার ব্যাপারে যদি কোন বিবাদ সৃষ্টি হয়, তথা যদি কোন এক পক্ষ মনে করে যে অন্য পক্ষ চুক্তির কোন বিশেষ শর্ত ভঙ্গ করছে, তবে দুই পক্ষ আলোচনার মাধ্যমে বিবাদ মীমাংসা করবে। তবে প্রয়োজনে, উভয়পক্ষের সম্মতিক্রমে বিবাদ মীমাংসার জন্য পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী অথবা তদূর্ধ্ব কর্মকর্তাকে মধ্যস্থতাকারী নিয়োগ করা যেতে পারে।

৯। এই চুক্তিনামা স্বাক্ষরিত হবার পর হতে কার্যকর হবে এবং পরবর্তীতে প্রতি ৩ বছর পর পর তা নবায়ন করা হবে।

১০। উপরোক্ত শর্তে উভয় পক্ষের সম্মতিক্রমে নিম্নোক্ত স্বাক্ষীগণের উপস্থিতিতে অদ্য ১০ই মাঘ, ১৪২৫ বাং/২৩শে জানুয়ারী, ২০১৯ খ্রিঃ তারিখ রোজ বুধবার পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, কলাপাড়া, বাপাউবো , পটুয়াখালী দপ্তরে এই চুক্তিপত্র সম্পাদন করা হলো।

<u>১ম পক্ষ</u>

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর পক্ষে,

(খান মোহাম্মদ ওয়ালিউজ্জামান)

নির্বাহী প্রকৌশলী

পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী।

<u>স্বাক্ষী-১।</u>

<u>স্বাক্ষী-২।</u>

<u>২য় পক্ষ</u>

১। ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর পক্ষে,

(মোঃ গোলাম রহমান) — সাধারণ সম্পাদক

(সাইফুর রহমান রিয়াজ) — সভাপতি

<u>স্বাক্ষী-১।</u>

<u>স্বাক্ষী-২।</u>

## <u>পরিচালন ও রক্ষণাবেক্ষণ চুক্তিনামার মূল বিষয়</u>

অবকাঠামো পরিচালন ও রক্ষণাবেক্ষণের নিমিত্তে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর মধ্যে স্বাক্ষরিত চুক্তিনামার মূল বিষয়ঃ

- <u>পানি ব্যবস্থাপনা সংগঠনের দায়িত্ব</u>

১। <u>বাঁধ মেরামতঃ</u> ঘোগ মেরামত, রেইন কাট মেরামত এবং ঐ সকল জায়গায় ঘাসের চাপড়া লাগানো/মেরামত, জঙ্গল/আগাছা পরিষ্কার ইত্যাদি।

২। <u>রেগুলেটর/স্লুইস/ইনলেট রক্ষণাবেক্ষণঃ</u> গ্রিজ লাগানো, গেট ও হোয়েস্ট-এর ছোট আকারে মেরামত, প্রয়োজনে নাট ও বল্টু বদলানো, গেটের কাছে খালের ময়লা পরিষ্কার, গেট রং করা, স্লুইস গেটের ফ্লোর থেকে পলি সরিয়ে ফেলা, সি.সি ব্লক স্থানচ্যুত হলে পুনঃস্থাপন করা, রেইন কাট মেরামত, অবকাঠামোর চারপাশ পরিষ্কার, নিয়মিত রক্ষণাবেক্ষণ ইত্যাদি।

৩। <u>খাল পরিষ্কারঃ</u> কচুরিপানা ও অন্যান্য জলজ আগাছা পরিষ্কার করা। সেই সাথে পানি প্রবাহের ব্যাঘাত ঘটায় এমন সব জিনিস সরিয়ে ফেলা।

৪। পানি ব্যবস্থাপনা অবকাঠামোর দৈনন্দিন ব্যবস্থাপনা, পরিচালন ও নিয়মিত রক্ষণাবেক্ষণের দায়িত্ব সংশ্লিষ্ট পানি ব্যবস্থাপনা দলকে অর্পণ করবে এবং নিয়মিত পরিবীক্ষণ ও সহযোগিতা করবে।

৫। পানি উন্নয়ন বোর্ড বেড়িবাঁধে বনায়ন নীতিমালা ও বৃক্ষ রোপণ ম্যানুয়াল অনুযায়ী বেড়িবাঁধে বৃক্ষ রোপণ করা বা বিধি সম্মতভাবে বিনা চাষে অন্যান্য ফসলের চাষাবাদ করা।

৬। বেড়িবাঁধ যাতে কেউ না কাটে বা কোনরূপ ক্ষতি সাধন না করে তা নিশ্চিত করা এবং কেউ যদি বাঁধ কেটে ফেলে তাঁর বিরুদ্ধে আইণানুগ ব্যবস্থা গ্রহণ করা। প্রয়োজনে পানি উন্নয়ন বোর্ডের সহযোগিতা গ্রহণ।

৭। কেউ যাতে রেগুলেটর/স্লুইস গেট বা ইনলেটের মধ্য দিয়ে কাঠের গুড়ি পার করার চেষ্টা না করে তা নিশ্চিত করা।

৮। বর্ষাকালের পূর্বে, বর্ষার সময় এবং বর্ষাকাল শেষে স্বার্থসংশ্লিষ্টদের পানির চাহিদা অনুযায়ী স্লুইস গেট সঠিকভাবে বন্ধ ও খোলা হচ্ছে কি-না তার প্রতি লক্ষ্য রাখা।

৯। এই চুক্তিনামায় উল্লেখিত পানি ব্যবস্থাপনা অবকাঠামোর ব্যবস্থাপনা, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য তহবিল গঠনের খাতসমূহ চিহ্নিত করা (এর মধ্যে অধিগ্রহণকৃত ভূমি, বরোপিট, বাঁধের ধার, খাল/জলাশয় ইত্যাদি উল্লেখযোগ্য) এবং বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ব্যবহার করা।

১০। প্রকল্পের অধীনস্থ মৎস্য চাষ উপযোগী জলাশয়ে পানি চলাচলে কোনরূপ বাধা বিঘ্ন না ঘটিয়ে সংগঠন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সম্মতি সাপেক্ষে বিধি অনুযায়ী মৎস্য চাষ করতে পারবে।

- **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দায়িত্ব**

১। বাঁধের কাজ: ৪/৫ বছর অন্তর ডিজাইন অনুযায়ী বাঁধ পুনঃনির্মাণ, পুনরাকৃতিকরণ, ফাটল মেরামত করা, বিকল্প বাঁধ নির্মাণ করা।

২। রেগুলেটর/স্লুইস/ইনলেট রক্ষণাবেক্ষণ: হোয়েস্টিং যন্ত্রপাতির বাৎসরিক ওভারহোলিং করা, গেট পুনঃস্থাপন করা ইত্যাদি।

৩। খাল পুনঃখনন: সংগঠনের সাথে আলোচনা ও সিদ্ধান্তক্রমে প্রয়োজন অনুযায়ী খাল পুনঃখনন করা। সংগঠনের সহযোগিতায় খালের পলি অপসারণ। খালের পানি প্রবাহের বাধা সৃষ্টি করলে আইনগত ব্যবস্থা গ্রহণ অথবা আইনগত ব্যবস্থা গ্রহণে সংগঠনকে সহায়তা প্রদান।

৪। এই চুক্তিনামায় উল্লেখিত পানি ব্যবস্থাপনা কাঠামোর বড় ধরনের মেরামত এবং মেয়াদী ও জরুরী বা আপদকালীন রক্ষণাবেক্ষণ করা।

৫। বনায়ন নীতিমালা ও বৃক্ষ রোপণ ম্যানুয়াল অনুযায়ী বেড়িবাঁধে বৃক্ষ রোপণ করতে আগ্রহী সংগঠনকে সার্বিক সহায়তা প্রদান।

৬। প্রকল্প পরবর্তী সময়েও পানি ব্যবস্থাপনা অবকাঠামো মেরামত/সংস্কার করার প্রয়োজন দেখা দিলে সংগঠনের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

**১ম পক্ষ**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর পক্ষে,

(খান মোহাম্মদ ওয়ালিউজ্জামান)
নির্বাহী প্রকৌশলী
পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী।

স্বাক্ষী-১।

স্বাক্ষী-২।

**২য় পক্ষ**

১। ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর পক্ষে,

(মো: গোলাম রহমান) — সাধারণ সম্পাদক

(সাইফুর রহমান রিয়াজ) — সভাপতি

স্বাক্ষী-১।

স্বাক্ষী-২।

সংযোজনী-১

# ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর আওতাধীন রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্টভিত্তিক পানি ব্যবস্থাপনা অবকাঠামোর বিস্তারিত বিবরণী (পোল্ডার নং-৪৭/৩)

## ১। রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্ট এলাকা: গোলবুনিয়া রেগুলেটর/স্লুইস

| ক্রঃ নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | বিবরণ | বর্তমান অবস্থা | অবস্থান (যে পানি ব্যবস্থাপনা দলের এলাকায় অবস্থিত) | ক্যাচমেন্টের আওতাধীন পানি ব্যবস্থাপনা দলের নাম |
|---|---|---|---|---|---|
| ১। | বেড়িবাঁধ | ২.৯১০ কি:মি: | ১.৬৭০ কি:মি: ভাল | গোলবুনিয়া আরামগঞ্জ খাল WMG | গোলবুনিয়া আরামগঞ্জ খাল WMG (১০০%), তেগাছিয়া-আজিমুদ্দিন খাল WMG (৩০%) |
| ২। | গোলবুনিয়া রেগুলেটর/স্লুইস | ২ ভেন্ট | কাজ চলমান | গোলবুনিয়া আরামগঞ্জ খাল WMG | |
| ৩। | তেগাছিয়া আউটলেট | ১ ভেন্ট | ভাল | তেগাছিয়া-আজিমুদ্দিন খাল WMG | |
| ৪। | আকরামের খাল (প্রধান খাল) | ৬.০০ কি:মি: | ৩.৫০০ কি:মি: ভাল | গোলবুনিয়া আরামগঞ্জ খাল WMG | |
| ৫। | আজিমুদ্দিন খাল (প্রধান খাল) | ২.০০ কি:মি: | ভাল | তেগাছিয়া-আজিমুদ্দিন খাল WMG | |
| শাখা খাল সমূহ: | | | | | |
| ৬। | কাপালির খাল | ৩.৫০০ কি:মি: | ভরাট | গোলবুনিয়া আরামগঞ্জ খাল WMG | |
| ৭। | মৃধার খাল | ১.০০ কি:মি: | ভরাট | গোলবুনিয়া আরামগঞ্জ খাল WMG | |
| ৮। | মতির খাল | ৪.০০ কি:মি: | ভরাট | গোলবুনিয়া আরামগঞ্জ খাল WMG | |
| ৯। | গোলগাছের খাল | ৩.০০ কি:মি: | ভরাট | তেগাছিয়া আজিমুদ্দিন খাল WMG | |
| ১০। | চতলার খাল | ২.০০ কি:মি: | ভরাট | তেগাছিয়া আজিমুদ্দিন খাল WMG | |
| ১১। | ময়ূরের খাল | ২.০০ কি:মি: | ভরাট | তেগাছিয়া আজিমুদ্দিন খাল WMG | |
| ক্ষুদ্র অবকাঠামো: | | | | | |
| ১২। | সোতা খাল খনন | ১.০০ কি:মি: | ভাল | গোলবুনিয়া আরামগঞ্জ খাল WMG | |

## ২। রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্ট এলাকা: মেলাপাড়া-১ রেগুলেটর/স্লুইস

| ক্রঃ নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | বিবরণ | বর্তমান অবস্থা | অবস্থান (যে পানি ব্যবস্থাপনা দলের এলাকায় অবস্থিত) | ক্যাচমেন্টের আওতাধীন পানি ব্যবস্থাপনা দলের নাম |
|---|---|---|---|---|---|
| ১। | বেড়িবাঁধ | ৩.০০ কি:মি: | ভাল | মেলাপাড়া খাল WMG | মেলাপাড়া খাল WMG (১০০%), তেগাছিয়া-আজিমুদ্দিন খাল WMG (৭০%) |
| ২। | মেলাপাড়া স্লুইস-১ | ৪ ভেন্ট | মেরামতের কাজ চলমান | মেলাপাড়া খাল WMG | |
| ৩। | মেলাপাড়া স্লুইস খাল (প্রধান খাল) | ১.৫০০ কি:মি: | ভাল | মেলাপাড়া খাল WMG | |
| ৪। | কাজীর খাল (শাখা খাল) | ১.০০ কি:মি: | ভরাট | মেলাপাড়া খাল WMG | |
| ৫। | ময়ূরের খাল (শাখা খাল) | ২.০০ কি:মি: | ভরাট | মেলাপাড়া খাল WMG | |

## ৩। রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্ট এলাকা: সাফাখালী রেগুলেটর/স্লুইস

| ক্রঃ নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | বিবরণ | বর্তমান অবস্থা | অবস্থান (যে পানি ব্যবস্থাপনা দলের এলাকায় অবস্থিত) | ক্যাচমেন্টের আওতাধীন পানি ব্যবস্থাপনা দলের নাম |
|---|---|---|---|---|---|
| ১। | বেড়িবাঁধ | ১.৪০০ কি:মি: | ভাল | সাফাখালী ইসলামপুর খাল WMG | সাফাখালী ইসলামপুর খাল WMG (১০০%) |
| ২। | সাফাখালী রেগুলেটর/স্লুইস | ৪ ভেন্ট | মেরামত কাজ চলমান | সাফাখালী ইসলামপুর খাল WMG | |
| ৩। | আপগঞ্জ পিলকাটা খাল (প্রধান) | ৬.০০ কি:মি: | ভরাট | সাফাখালী ইসলামপুর খাল WMG | |
| শাখা খাল সমূহ: | | | | | |
| ৪। | পিলকাটা খাল | ৩.৫০ কি:মি: | ভরাট | সাফাখালী ইসলামপুর খাল WMG | |
| ৫। | আপগঞ্জ খাল | ৩.০০ কি:মি: | ভাল | সাফাখালী ইসলামপুর খাল WMG | |
| ৬। | বাড়ীর জায়ার খাল | ৪.০০ কি:মি: | ভরাট | সাফাখালী ইসলামপুর খাল WMG | |

৪। রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্ট এলাকা: দক্ষিণ চরপাড়া রেগুলেটর/স্লুইস

| ক্রঃ নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | বিবরণ | বর্তমান অবস্থা | অবস্থান (যে পানি ব্যবস্থাপনা দলের এলাকায় অবস্থিত) | ক্যাচমেন্টের আওতাধীন পানি ব্যবস্থাপনা দলের নাম |
|---|---|---|---|---|---|
| ১। | বেড়িবাঁধ | ৪.০০ কি:মি: | ভাল | দক্ষিণ চরপাড়া খাল WMG | দক্ষিণ চরপাড়া খাল WMG(১০০%) |
| ২। | দক্ষিণ চরপাড়া রেগুলেটর/স্লুইস | ১ ভেন্ট | মেরামত কাজ চলমান | দক্ষিণ চরপাড়া খাল WMG | |
| ৩। | দক্ষিণ চরপাড়া স্লুইস খাল (প্রধান খাল) | ৫.০০ কি:মি: | ভাল | দক্ষিণ চরপাড়া খাল WMG | |
| শাখা খাল সমূহ: | | | | | |
| ৪। | হাওলাদার বাড়িয়া খাল | ১.০০ কি:মি: | ভরাট | দক্ষিণ চরপাড়া খাল WMG | |
| ৫। | উমারিয়ার খাল | ২.৫০০ কি:মি: | ভরাট | দক্ষিণ চরপাড়া খাল WMG | |
| ক্ষুদ্র অবকাঠামো: | | | | | |
| ৬। | পিভিসি পাইপ কালভার্ট | ২ টি | ভাল | দক্ষিণ চরপাড়া খাল WMG | |

৫। রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্ট এলাকা: চরপাড়া রেগুলেটর/স্লুইস

| ক্রঃ নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | বিবরণ | বর্তমান অবস্থা | অবস্থান (যে পানি ব্যবস্থাপনা দলের এলাকায় অবস্থিত) | ক্যাচমেন্টের আওতাধীন পানি ব্যবস্থাপনা দলের নাম |
|---|---|---|---|---|---|
| ১। | বেড়িবাঁধ | ১.৫০০ কি:মি: | ভাল | উত্তর চরপাড়া খাল WMG | উত্তর চরপাড়া খাল WMG (১০০%) |
| ২। | চরপাড়া রেগুলেটর/স্লুইস | ২ ভেন্ট | ভাল | উত্তর চরপাড়া খাল WMG | |
| ৩। | উত্তর চরপাড়া (প্রধান খাল) | ৫.০০ কি:মি: | ভাল | উত্তর চরপাড়া খাল WMG | |
| শাখা খাল সমূহ: | | | | | |
| ৪। | হাওলাদারের খাল | ১.৫০০ কি:মি: | ভরাট | উত্তর চরপাড়া খাল WMG | |
| ৫। | গোল বাওরের খাল | ১.০০ কি:মি: | ভরাট | উত্তর চরপাড়া খাল WMG | |
| ৬। | উত্তর চরপাড়া বিলের খাল | ৩.৫০০ কি:মি: | ভরাট | উত্তর চরপাড়া খাল WMG | |
| ৭। | চরপাড়া মাঝের খাল | ১.০০ কি:মি: | ভরাট | উত্তর চরপাড়া খাল WMG | |

৬। রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্ট এলাকা: পশ্চিম মধুখালী রেগুলেটর/স্লুইস

| ক্রঃ নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | বিবরণ | বর্তমান অবস্থা | অবস্থান (যে পানি ব্যবস্থাপনা দলের এলাকায় অবস্থিত) | ক্যাচমেন্টের আওতাধীন পানি ব্যবস্থাপনা দলের নাম |
|---|---|---|---|---|---|
| ১। | বেড়িবাঁধ | ৩.৫০ কি:মি: | ২.০০ কি:মি: মাঝে মাঝে ভাঙ্গা | পশ্চিম মধুখালী খাল WMG | পশ্চিম মধুখালী খাল WMG (১০০%) |
| ২। | পশ্চিম মধুখালী রেগুলেটর/স্লুইস | ৪ ভেন্ট | মেরামতের কাজ চলমান | পশ্চিম মধুখালী খাল WMG | |
| ৩। | জবান আলী খাঁন (প্রধান খাল) | ৪.৫০০ কি:মি: | ভাল | পশ্চিম মধুখালী খাল WMG | |
| শাখা খাল সমূহ: | | | | | |
| ৪। | জবান আলীর সোতা খাল | ২.০০ কি:মি: | ভরাট | পশ্চিম মধুখালী খাল WMG | |
| ৫। | ফকির খোজার খাল | ১.০০ কি:মি: | ভাল | পশ্চিম মধুখালী খাল WMG | |
| ৬। | বুড়িয়ার খাল | ০.৮০০ কি:মি: | ভরাট | পশ্চিম মধুখালী খাল WMG | |
| ৭। | রবজীর খাল | ১.৫০০ কি:মি: | ভরাট | পশ্চিম মধুখালী খাল WMG | |
| ৮। | মাঝের খোজার খাল | ১.৫০০ কি:মি: | ভরাট | পশ্চিম মধুখালী খাল WMG | |
| ৯। | শিকদার খোজার খাল | ১.০০ কি:মি: | ভরাট | পশ্চিম মধুখালী খাল WMG | |
| ১০। | বালিয়ার প্যাদা খাল | ১.২০০ কি:মি: | ভরাট | পশ্চিম মধুখালী খাল WMG | |

৭। রেগুলেটর/স্লুইস/ক্যাচমেন্ট এলাকা: আলীগঞ্জ রেগুলেটর/স্লুইস

| ক্রঃ নং | পানি ব্যবস্থাপনা অবকাঠামো | বিবরণ | বর্তমান অবস্থা | অবস্থান (যে পানি ব্যবস্থাপনা দলের এলাকায় অবস্থিত) | ক্যাচমেন্টের আওতাধীন পানি ব্যবস্থাপনা দলের নাম |
|---|---|---|---|---|---|
| ১। | বেড়িবাঁধ | ৩.৪০০ কি:মি: | ভাল | আলীগঞ্জ খাল WMG | আলীগঞ্জ খাল WMG (১০০%) |
| ২। | আলীগঞ্জ রেগুলেটর/স্লুইস | ১ ভেন্ট | কাজ চলমান | আলীগঞ্জ খাল WMG | |
| ৩। | আলীগঞ্জ খাল (প্রধান খাল) | ৩.০০ কি: মি: | ভরাট | আলীগঞ্জ খাল WMG | |
| শাখা খাল সমূহ: | | | | | |
| ৪। | বিলের সোতা খাল | ৩.৫০০ কি:মি: | ভরাট | আলীগঞ্জ খাল WMG | |
| ৫। | কাপালীর খাল | ২.৫০০ কি:মি: | ১.৫০০ কি:মি: ভাল | আলীগঞ্জ খাল WMG | |

বিঃদ্রঃ এছাড়া অত্র পোল্ডারের আওতাধীন ৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশনের আওতাভূক্ত যে কোন ক্যাচমেন্টে পরবর্তিতে কোন আউটলেট, ইনলেট ইত্যাদি অবকাঠামো নির্মিত হলে তাও এই চুক্তি নামার অন্তর্ভূক্ত হবে।

**১ম পক্ষ**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর পক্ষে,

(খান মোহাম্মদ ওয়ালিউজ্জামান)
নির্বাহী প্রকৌশলী
পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী।

স্বাক্ষী-১।

স্বাক্ষী-২।

**২য় পক্ষ**

৪৭/৩ পোল্ডার পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন এর পক্ষে,

(মো: গোলাম রহমান)
সাধারণ সম্পাদক

(সাইফুর রহমান রিয়াজ)
সভাপতি

স্বাক্ষী-১।

স্বাক্ষী-২।